

লোকটা

এলোমেলো ভাবে কেন থাকে!

গুছিয়ে নিয়েছে যারা এটা ওটা ক'রে,
ব্যাঞ্চেটাকা রাখে, পোর্টিকোতে গাড়ি,
তারা লোকটাকে লক্ষ ক'রে যায়।

গুছিয়ে নেয় না কেন ও আমাদের মতো,
দশজনে বলাবলি করে।
সুঁচ হয়ে ঢুকে কেন আমাদের মতো
ফাল হয়ে বেরয় না ও,
সকলে তাজ্জব তাকে দ্যাখে।

একদিন মুখোমুখি হয়।
এলোমেলো স্নান হেসে বলে ঃ
একটি হৃদয় আমি আমার হৃদয়ে
গুছিয়ে তুলতে আজও পারিনি ব'লেই
এলোমেলো, এলোমেলো, সবকিছু এলোমেলো হয়।

ব্রত চত্রবর্তী

